



পশ্চিমবঙ্গ সরকার

জেলা শাসকের করণ, জলপাইগুড়ি

(সংখ্যালঘু উন্নয়ন ও মাদ্রাসা শিক্ষা বিভাগ)

সংখ্যালঘু ভবন, সদর বি.ডি.ও.অফিস, জলপাইগুড়ি

স্মারক সংখ্যা -

188

/ এম ডি এ


তারিখ- 13.06.2017

মাল ব্লকের মৌলানী হাট কর্মতীর্থ-এ স্টল (দোকানঘর) বন্টন সংক্রান্ত বিজ্ঞপ্তি :-

জলপাইগুড়ি জেলা শাসকের করণ, সংখ্যালঘু উন্নয়ন ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর ব্যবস্থাপনায় মাল ব্লকের অধীন মৌলানী হাটে নির্মিত কর্মতীর্থ-এ (শর্তসাপেক্ষে ক্ষুদ্র ব্যবসায়ী, হস্তশিল্পী, স্ব-নির্ভর-গোষ্ঠীদের) ৩৮ (আটত্রিশ) টি দোকানঘর লিজ চুক্তিভিত্তিক বন্টন করার জন্য আগ্রহী আবেদনকারীদের নিকট থেকে নির্দিষ্ট আবেদনপত্রে (Format) দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

আবেদনপত্রের নিয়মাবলী :-

- আবেদনকারীকে অবশ্যই ক্ষুদ্র ও মাঝারী বৈধ ব্যবসায়ী হতে হবে। আবেদনকারীর ব্যবসা সংক্রান্ত সরকারী ট্রেড লাইসেন্স/শংসাপত্র থাকতে হবে। আবেদনকারীকে জলপাইগুড়ি জেলার বাসিন্দা হতে হবে।
- সংখ্যালঘু আবেদনকারীদের জন্য ২৫ শতাংশ, মহিলা আবেদনকারীদের জন্য ২৫ শতাংশ অর্থাৎ ১০ (দশ) টি করে দোকানঘর সংরক্ষিত থাকবে। তপশিলী জাতি ও উপজাতি আবেদনকারীদের জন্য ১০ শতাংশ অর্থাৎ ৪ (চার) টি দোকানঘর সংরক্ষিত থাকবে।
- আবেদনকারীকে আবেদনপত্রের সঙ্গে ট্রেড লাইসেন্স, ভোটার কার্ড (EPIC)/আধার কার্ড-এর প্রতিলিপিসহ জেলা সংখ্যালঘু উন্নয়ন কার্যালয়ে (মাইনোরিটি ভবন), সদর বি.ডি.ও অফিস কমপ্লেক্স, রাজবাড়ি পাড়া, জলপাইগুড়ি অথবা মাল সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ে (বি.ডি.ও অফিস) জমা দিতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- স্ব-নির্ভর গোষ্ঠী/স্ব-নির্ভর গোষ্ঠী সংঘ আবেদনপত্র জমা দিতে পারবে। আবেদনপত্রের সাথে স্ব-নির্ভর গোষ্ঠীর পরিচয়পত্র এবং ব্যাঙ্ক পাশবইয়ের প্রতিলিপি জমা দিতে হবে।
- পশ্চিমবঙ্গ সরকারের এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে যাদের নাম নথিভুক্ত আছে তারা অগ্রাধিকার পাবেন।
- পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম এবং তপশিলী জাতি ও উপজাতি উন্নয়ন ও বিত্ত নিগমের অধীন ঋনগ্রহীতাগণ এবং জেলা শিল্পকেন্দ্র (DIC) অধীন নথিভুক্ত হস্তশিল্পীরা দোকানঘর পাইবার ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। আবেদনপত্রের সাথে ঋনগ্রহণের অনুমোদনপত্র/হস্তশিল্পীর পরিচয়পত্রের প্রতিলিপি জমা দিতে হবে।
- আবেদনকারীকে প্রতি ৫ (পাঁচ) বছর অন্তর দোকানঘরের লিজ চুক্তিপত্র নিয়মানুযায়ী পুনঃনিবীকরণ করিতে হবে। দোকানঘরের চুক্তিপত্র পুনঃনিবীকরণ সংক্রান্ত বিষয়ে জেলাশাসকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- আবেদনপত্র সংগ্রহ ও জমা দেওয়ার শেষ তারিখ ২৯/০৬/২০১৭। কোন আবেদনপত্র ডাকযোগে গ্রহণ করা হবে না। দোকানঘর বন্টনের ক্ষেত্রে জেলা নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। অন্যান্য শর্তাবলী পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।


জেলাশাসক,
জলপাইগুড়ি


স্মারক সংখ্যা - 188/1(11) / এম ডি এ

তারিখ- 13.06.2017

অনুলিপি, অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল :-

প্রতি,

- ১। অতিরিক্ত জেলা শাসক (উন্নয়ন), জলপাইগুড়ি।
- ২-৩। মহকুমাসহকারী, সদর/মাল মহকুমা, জলপাইগুড়ি, উপরিলিখিত বিষয় সংশ্লিষ্ট মহকুমার অধীন এলাকাসমূহ গুলিতে জনগনকে অবগত করার জন্য অনুরোধ করা হচ্ছে।
- ৪। ডিস্ট্রিক্ট ইনফরম্যাটিস্ট অফিসার, (এন আই সি) জলপাইগুড়ি, উপরিলিখিত বিজ্ঞপ্তি ও আবেদনপত্র জেলাশাসকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হচ্ছে।
- ৫-১১। সমষ্টি উন্নয়ন আধিকারিক, সদর/রাজগঞ্জ/ময়নাগুড়ি/ধূপগুড়ি/মাল/মাটিয়ালী/নাগরাকাটা, জলপাইগুড়ি, উপরিলিখিত বিষয় সংশ্লিষ্ট ব্লকের অধীন এলাকাসমূহ গুলিতে জনগনকে অবগত করার জন্য অনুরোধ করা হচ্ছে।


জেলাশাসক,
জলপাইগুড়ি

প্রতি,
জেলাশাসক,
জেলা শাসকের করণ, জলপাইগুড়ি

প্রত্যয়িত
রঙিন
পাসপোর্ট
সাইজ ফটো

মাল ব্লকের মৌলানী হাট কর্মতীর্থ-এ দোকানঘর পাইবার জন্য আবেদনপত্র । •

বিজ্ঞপ্তি স্মারক সংখ্যা -

তারিখ

মহাশয়া,

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী ক্ষুদ্র ব্যবসায়ী/স্ব-নির্ভর গোষ্ঠীর/স্ব-নির্ভর গোষ্ঠী সংঘের সদস্যগন মাল ব্লকের অধীন মৌলানী হাট কর্মতীর্থ-এ স্টল (দোকানঘর) পাইবার জন্য আপনার কার্যালয়ে আবেদনপত্র জমা করিতেছি ।

- ক) আবেদনকারীর নাম :
- খ) পিতা/স্বামীর নাম :
- গ) স্থায়ী ঠিকানা- গ্রাম :
- ডাকঘর :
- ব্লক/পৌরসভা :
- থানা :
- জেলা :
- পিন কোড :
- ঘ) মোবাইল নং :
- ঙ) সচিত্র পরিচয়পত্র নং :
- চ) শিক্ষাগত যোগ্যতা :
- ছ) আধার নং :
- জ) লিঙ্গ :
- ঝ) বয়স :
- ঞ) বর্তমান পেশা :
- ট) ব্যবসার নাম :
- ঠ) ব্যবসার ট্রেড লাইসেন্স
নং ও তারিখ :
- ড) বার্ষিক পারিবারিক আয় :

এতদ্বারা আমি/ আমরা ঘোষণা করিতেছি যে, উপরিলিখিত তথ্য এবং বিবরণ আমার/আমাদের জ্ঞান ও বিশ্বাস মতে সত্য। আমি/আমরা আরো ঘোষণা করিতেছি যে যদি কর্মতীর্থ-এ দোকানঘর আমাকে/আমাদের দেওয়া হয় তাহলে জেলা সংখ্যালঘু উন্নয়ন ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর সমস্ত রকমের নিয়মাবলী মানিয়া চলিব ।

আবেদনকারীর স্বাক্ষর